অন্তর্বর্তী সরকারের সিদ্ধান্তের বৈধতা নিয়ে হাইকোর্টে রিট



ড. মুহাম্মদ ইউনূস। ছবি: সংগৃহীত

সাবেক প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তী সরকারের সময়ে গৃহীত সব ধরনের প্রশাসনিক কার্যক্রমের বৈধতা প্রশ্নে হাইকোর্টে একটি রিট দায়ের করা হয়েছে। ওই রিটে সরকারের সময় নেওয়া নীতি, আইন প্রণয়ন, সংস্কার কমিশন গঠন এবং বিভিন্ন দেশি–বিদেশি চুক্তির আইনগত ভিত্তিও চ্যালেঞ্জ করা হয়েছে।

রিট আবেদনে এসব বিষয়ে অনুসন্ধানের জন্য একটি কমিশন গঠনের নির্দেশনা চাওয়া হয়েছে। পাশাপাশি সাবেক প্রধান উপদেষ্টা ড. ইউনূসের বিরুদ্ধে কোনো অনিয়ম বা দুর্নীতির অভিযোগ আছে কি না, সেটিও তদন্তের আওতায় আনার অনুরোধ জানানো হয়েছে।

রোববার (৩ মে) সুপ্রিম কোর্টের সিনিয়র আইনজীবী মুহাম্মদ মুহসিন রশিদ জনস্বার্থে এই রিটটি দাখিল করেন। এতে কেবিনেট সচিবসহ আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রণালয়ের দুই সচিবকে বিবাদী করা হয়েছে। পরে সোমবার বিষয়টি নিশ্চিত করেন তিনি এবং সংবাদ সম্মেলনের মাধ্যমে বিস্তারিত জানানোর কথাও বলেন।

এর আগে অন্তর্বর্তী সরকার গঠন ও শপথ প্রক্রিয়ার বৈধতা নিয়েও একই আইনজীবী রিট করেছিলেন, যা হাইকোর্টে খারিজ হয়। পরবর্তীতে আপিল বিভাগ সেই প্রক্রিয়ার বৈধতা বহাল রাখে। ২০২৪ সালের আগস্টে রাজনৈতিক পরিবর্তনের পর রাষ্ট্রপতির রেফারেন্স অনুযায়ী সুপ্রিম কোর্টের মতামতের ভিত্তিতে অন্তর্বর্তী সরকার গঠনের সাংবিধানিক ব্যাখ্যাও তখন দেওয়া হয়েছিল।